40

দৈনিক বাংলা

তারিখ ... 15 JAN. 1996 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩

# সরকারী স্কুলে ভর্তি পরীক্ষার শেষদিনেও ভিড় ছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সরকারী স্কুলে ভর্তি পরীক্ষার তৃতীয় ও শেষ দিনে রোববার ঢাকার ধানমন্ডি কামরুন্নাহার বালিকা বিদ্যালয় ও পুরনো ঢাকার ৬টি সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এসব স্কুলে আসন সংখ্যা প্রায় ৭শ'। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬ হাজারের কাছাকাছি। গতকাল বেশকিছু পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

সকল স্কুলেই ভিড় থাকলেও প্রথম দিনের চেয়ে গত দুইদিন ভিড় কম ছিল।

গতকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **সরকারী স্কুলে**

ধানমন্ডি কামরুন্নাহার সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, বাংলাবাজার স্কুল, নারিন্দা হাইস্কুল, গণভবন হাইস্কুল, মুসলিম হাইস্কুল, ঢাকা কলেজিয়েট হাইস্কুল, ও নবাবপুর সরকারী স্কুলে।

এসব স্কুলে প্রথম শ্রেণীতে ৫০ থেকে ১০০ জনকে ভর্তি করা হবে। প্রথম শ্রেণী বাদে অন্যান্য শ্রেণীতে ২৫ থেকে ৩৫ জনকে ভর্তি করা হবে। এসব শ্রেণীতে ৫শ' থেকে ৭শ' পর্যন্ত আবেদনকারী ছিল।

আগামী ১৬ জানুয়ারী এই স্কুলগুলোর পরীক্ষার ফল প্রকাশিত হবে।

গতকাল মতিঝিল আইডিয়াল স্কুলে তৃতীয় ও পঞ্চম শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথম শ্রেণীতে ১২০ ও পঞ্চম শ্রেণীতে ২৮ জনকে ভর্তি করা হবে। আবেদনপত্র পড়েছিল যথাক্রমে ১৭৩৬ এবং ৯৬৪ জন। স্কুলটির প্রধান শিক্ষক ফয়েজুর রহমান জানান, গতকাল এই দুটি শ্রেণীতে পরীক্ষার্থীর উপস্থিতির হার ছিল ৯০ শতাংশের মত।

বেসরকারী এই স্কুলটিতে ভিড় ছিল চোখে পড়ার মত। সন্তানদের পরীক্ষাকে কেন্দ্র করে আগত অভিভাবক মহল ছিলেন উৎকণ্ঠিত। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এইসব অভিভাবককে স্কুলের সামনে ঠায় দাড়িয়ে থাকতে দেখা যায়।